



বোডো সম্প্রদায়  
নাইজেরিয়া

৭-১৬ ডিসেম্বর ২০১২

অধিকারের জন্য লিখুন  
অসাধারণ কিছু করুন

## বোডো সম্প্রদায়ের কাহিনী

বোডো সম্প্রদায় কয়েক শত বছর ধরে নাইজার ডেলটাতে মাছ ধরে ও চাম্বাবাদ করে জীবিকা নির্বাহ করছিল। তেল কোম্পানি শেলের পাইপলাইন ভেঙ্গে ২০০৮ সালের ২৮ আগস্ট স্থানীয় নদ-নদীতে হাজার হাজার ব্যারেল তেল ছড়িয়ে পড়লে তাদের শান্তিময় জীবন তছনছ হয়ে যায়। তাদের জীবিকার উৎস পানি ও মাটি অল্পদিনেই তেলে দূষিত হয়ে পড়ে। ৭ নভেম্বর পর্যন্ত তেল নিঃসরণ হয়েছিল।

এরপর দ্বিতীয়বারের মতো ২০০৮ সালের ডিসেম্বরে তেল নিঃসরিত হয়, যা ১০ সপ্তাহ পর্যন্ত চলে। তেল শুধু মানুষের জীবিকার উপায়গুলো ধ্বংসই নয়, সেসঙ্গে পরিবেশও বিষাক্ত করে তোলে। খাঁড়ি ও নদীর মাছ মারা যায় কিংবা এলাকা ছেড়ে যায়। নদী দূষণমুক্ত করতে তেল পরিষ্কারের কোন উপযুক্ত ব্যবস্থা না নেওয়ায় ওই এলাকার মাটি ও পানি দূষিত এবং অনুর্বর হয়ে পড়েছে। মৎস্যশিকার এলাকা ও চাম্বাবাদের

ভূমি নষ্ট হওয়ায় খাদ্য ঘাটতি দেখা দিয়েছে এবং খাবারের দাম বেড়েছে। এই অবস্থায় ২০১২ সালের জুন মাসে শেল কোম্পানির পাইপলাইন থেকে আবারো তেল চুইয়ে পড়ায় শেলের পাইপলাইনগুলো পুরনো এবং যেকোন সময় তেল বের হতে পারে এমন উদ্বেগ বেড়েছে।

তেল নিঃসরণের ঘটনায় বোডো এলাকার অনেক মানুষ আরো বেশি গরিব হয়ে গেছে। তাছাড়া তেল মাটি, পানি আর বাতাসে মিশে বোডো সম্প্রদায়কে গুরুতর স্বাস্থ্য ঝুঁকিতে ফেলে দিয়েছে।

## বোডো সম্প্রদায়ের সঙ্গে সংহতি প্রকাশ করুন

একটি বড় কাগজে ইংরেজিতে বড় হরফে “We support the Bodo community” কিংবা “Clean up the Bodo oil spills” লিখে কাগজটিসহ নিজের ছবি তুলুন।

সম্ভব হলে শেল কোম্পানির তেল বিক্রি হয় আপনার এলাকায় এমন পেট্রোল পাম্প কিংবা শেল অফিস ভবনের সামনে দাঁড়িয়ে ছবিটি তুলুন এবং নিচের ঠিকানায় আপলোড করুন:

<http://www.flickr.com/photos/medianaija/>

## রাষ্ট্রপতি গুডলাক জোনাথনকে লিখুন

- রাষ্ট্রপতিকে বোডো এলাকার দূষণ ও স্থানীয় জনগণের উপর এর ক্ষতিকর প্রভাব যাচাই করা এবং ক্ষতিগ্রস্ত এলাকা দূষণমুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করার অনুরোধ করুন।
- দূষণমুক্ত করার কর্মকাণ্ড স্বচ্ছতার সঙ্গে পরিচালনা করা এবং এই সংক্রান্ত সকল তথ্য জনগণের প্রবেশাধিকার নিশ্চিত করার ঘোষণা দিতে আহ্বান জানান।
- ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের পূর্ণ ক্ষতিপূরণের ব্যবস্থা নিশ্চিত করতে তার সহযোগিতা চান।
- শেল কোম্পানিকে নাইজার ডেলটার পরিবেশ আইন ও বিধিমালা মেনে কাজ করার জন্য বাধ্য করতে একটি তদন্ত কমিশন গঠন করতে বলুন এবং তদন্তের ফলাফল জনসম্মুখে প্রকাশ করার আহ্বান জানান।

President Goodluck Jonathan  
President of the Federal Republic of Nigeria  
Office of the President  
Nigerian Presidential Complex, Aso Rock  
Abuja, Federal Capital Territory  
Nigeria

সম্বোধন করুন: Your Excellency



Amnesty International  
International Secretariat  
Peter Benenson House  
1 Easton Street  
London WC1X 0DW  
United Kingdom

সেপ্টেম্বর ২০১২  
সূচি: AFR 44/039/2012 Bengali

[amnesty.org/individuals-at-risk](http://amnesty.org/individuals-at-risk)